

অমর একুশে উপলক্ষে আইআইইউসি'র দিনব্যাপী অনুষ্ঠানমালা

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ২১ ফেব্রুয়ারী দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন।

দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে কুমিরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে একুশের প্রথম প্রহরে নিজস্ব শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, ২১ ফেব্রুয়ারী সকালে শোভাযাত্রা, সকাল দশটায় আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। আইআইইউসি'র প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আলী আজাদীর সভাপতিত্বে অনুষ্ঠেয় একুশের আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখবেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ। আলোচনায় অংশগ্রহণ করবেন আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরী, ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান, রেজিস্ট্রার কর্নেল মোহাম্মদ কাসেম, পিএসসি (অব:), প্রক্টর ড. মোহাম্মদ কাউসার আহমেদ, হল প্রভোস্ট সিরাজুল ইসলাম এবং ইকনোমিক্স এন্ড ব্যাংকিং (ইবি) বিভাগের চেয়ারম্যান মো: শরীফুল হক।

অনুষ্ঠানমালার সকল কর্মসূচীতে আইআইইউসি'র সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীকে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হয়েছে।